

২৯ জুলাই ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

শ্রমিক অধিকার সুরক্ষার জন্য আইএলও এর তিনটি সনদের অনুসমর্থনের সিদ্ধান্তকে স্বাগত জানাচ্ছে ব্লাস্ট

২৪ জুলাই ২০২৫ইং তারিখে অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদের ৩৫তম বৈঠকে ৩টি আইএলও (আন্তর্জাতিক শ্রম সংস্থা) সনদ, যথা-পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ক আইএলও সনদ ১৫৫, কর্মক্ষেত্রে নিরাপত্তার মান উন্নয়নে প্রচারণামূলক কাঠামো সনদ ১৮৭ এবং কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি প্রতিরোধ বিষয়ক সনদ ১৯০ - অনুসমর্থনের সিদ্ধান্তকে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) স্বাগত জানাচ্ছে এবং দ্রুততম সময়ে এর বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হবে বলে আশাবাদ ব্যক্ত করছে। আইএলও সনদগুলো অনুসমর্থন এর পাশাপাশি সে অনুযায়ী দেশের প্রচলিত আইনসমূহে এর প্রতিফলন নিশ্চিত করে প্রয়োজনীয় সংশোধন করার জরুরী এবং এ বিষয়ে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের কাছে জোর দাবী জানাচ্ছে ব্লাস্ট।

ব্লাস্টের অবৈতনিক নিবাহী পরিচালক সারা হোসেন এই পদক্ষেপকে স্বাগত জানিয়ে বলেছেন, "এই তিনটি সনদ অনুস্বাক্ষরের দাবী অনেকদিন ধরে অধিকারভিত্তিক সংগঠনগুলো করে এসেছে। এই সনদসমূহ একবার অনুস্বাক্ষরিত হলে, শ্রমিকের নিরাপত্তার অধিকারের পরিধি নিয়ে আমরা আরো স্পষ্ট ব্যাখ্যা পাবো, এবং অধিকার লঙ্ঘনের ক্ষেত্রে প্রতিকার প্রদানের প্রক্রিয়া আরো নিশ্চিত হবে। এই সনদসমূহ বাস্তবায়ন করতে গেলে কি কি পরিবর্তন আনতে হবে এই বিষয়ে শ্রমিক এবং মালিক পক্ষের কাছে জানতে সরকারের পক্ষ থেকে জরুরী উদ্যোগ গ্রহণ প্রয়োজন।"

ব্লাস্টের পরিচালক (আইন) অ্যাডভোকেট মোঃ বরকত আলী এ বিষয়ে বলেছেন, "পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য অধিকার নিশ্চিতের ক্ষেত্রে এবং কর্মক্ষেত্রে হয়রানি প্রতিরোধের লক্ষ্যে এই তিনটি আইএলও সনদসমূহের অনুসমর্থনের সরকারের এই সিদ্ধান্তকে স্বাগত জানাই। তবে এই সিদ্ধান্ত তখনই সফল হবে, যখন সকল শ্রমিকদের পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য অধিকার নিশ্চিত হবে এবং সকল প্রকার হয়রানি থেকে মুক্ত হয়ে নারী-পুরুষ সকল শ্রমিক নিরাপদ কর্মপরিবেশে কাজ করতে পারবেন।"

পটভূমি: পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ক সনদ ১৫৫ ও ১৮৭ নিরাপদ কর্মক্ষেত্রে নিশ্চিতের লক্ষ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ। দীর্ঘদিন যাবত শিল্পোপক্ষে ধারাবাহিক দুর্ঘটনা আমাদের রপ্তানীমুখী শিল্প খাতকে বার বার নিরাপত্তার বিষয়ে প্রশ্নের সম্মুখীন করেছে। আন্তর্জাতিক বাজারে প্রতিদ্বন্দ্বিতায় টিকে থাকতে রপ্তানী গন্তব্যের দেশগুলি বিশেষত ইউরোপের দেশগুলির গৃহীত সাম্প্রতিক নতুন আইন ও নীতিমালা সমূহ প্রতিপালনে আমাদের বাধ্যবাধকতা রয়েছে। সেই দিক বিবেচনায়, এই সনদ অনুস্বাক্ষর আমাদের শিল্প ও কর্মস্থলের নিরাপত্তা বিষয়ে আরও সতর্ক থাকতে সহযোগিতা করবে।

আইএলও সনদ ১৯০ অনুসমর্থনের ফলে পোশাক শিল্প খাতসহ বিভিন্ন শিল্প খাতে ও কর্মক্ষেত্রে কর্মরত নারী কর্মী ও শ্রমিকদের অপ্রত্যাশিত আচরণ ও হয়রানি থেকে মুক্ত রাখতে এক কার্যকর ভূমিকা রাখবে। ২০০৯ সালে বাংলাদেশের মহামান্য উচ্চ আদালত প্রদত্ত নির্দেশনাকে^১ শ্রম আইনে অন্তর্ভুক্ত করার জোরালো দাবী রয়েছে বিভিন্ন মহল থেকে, যা আইএলও সনদ ১৯০ এর সাথে সামঞ্জস্যপূর্ণ। বিভিন্ন কর্মস্থলে উচ্চ আদালত প্রদত্ত এ নির্দেশনা প্রতিপালিত হচ্ছে এবং অনেক প্রতিষ্ঠানে প্রতিপালনের পথে অগ্রসর হচ্ছে, সরকারের এ সিদ্ধান্তের ফলে এ সকল উদ্যোগ আরো গতিশীল হবে।

উল্লেখ্য যে, ব্লাস্ট দীর্ঘদিন যাবত শ্রমিকদের জন্য নিরাপদ কর্মক্ষেত্র, স্বাস্থ্য সুরক্ষা এবং হয়রানিমুক্ত কর্মপরিবেশ নিশ্চিত করে এ সনদ সমূহ অনুসমর্থনের জন্য সরকারের কাছে দাবী করে আসছিল। সংশ্লিষ্ট অংশীজনের সাথে এ বিষয়ে সভা ও কর্মশালা আয়োজনসহ ব্লাস্ট বিভিন্ন কার্যক্রম পরিচালনা করেছে এবং প্রয়োজনীয় সুপারিশ প্রস্তুত করতঃ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে পেশ করেছে।

এছাড়াও গত ২ মার্চ ২০২৫ ইং তারিখ ব্লাস্টের পক্ষ থেকে শ্রম সংস্কার কমিশন এর নিকট বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৮), বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (সংশোধিত ২০২২) এবং অন্যান্য প্রাসঙ্গিক আইন ও নীতিমালার সংস্কার এবং কার্যকর বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করে একটি সুপারিশমালা প্রদান করে।^২ উক্ত সুপারিশে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক আইএলও কনভেনশন ১৫৫ ও ১৮৭ এবং কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি প্রতিরোধ বিষয়ক আইএলও কনভেনশন ১৯০ অনুসমর্থন প্রদানের বিষয়ে সুপারিশ দেয়া হয়েছে।

আরও তথ্যের জন্য যোগাযোগ করুন:

কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

ই-মেইলঃ communication@blast.org.bd | ফোনঃ +880 1552-324376

১. https://www.supremecourt.gov.bd/resources/documents/276907_Writ_Petition_5916_08.pdf

২. ব্লাস্ট কতৃক শ্রম সংস্কার কমিশন- এর বরাবরে প্রস্তুতকৃত সুপারিশসমূহ